

Universalization of the Membership of the International Solar Alliance (ISA)

July 31, 2020

আন্তর্জাতিক সৌর জোটের (আইএসএ) সদস্যপদের সার্বিককরণ জুলাই 31, 2020

1. প্যারিসে সিওপি21 চলাকালীন ভারতের শ্রদ্ধেয় প্রধানমন্ত্রী এবং ফ্রান্সের রাষ্ট্রপতি যুগ্মভাবে আন্তর্জাতিক সৌর জোট শুরু করেন। এর লক্ষ্য সৌরশক্তিকে দ্রুত এবং বিরাটাকারে ছড়িয়ে দেওয়ার মাধ্যমে প্যারিস জলবায়ু চুক্তির বাস্তবায়ন। 30 জুলাই 2020 পর্যন্ত 87 টি দেশ এর কাঠামোগত চুক্তিতে সই করেছে এবং 67 টি দেশ তাদের অনুমোদন জমা দিয়েছে।
2. ভারতের শ্রদ্ধেয় প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গি অনুসরণ করে গ্রীষ্মমন্ডলের বাইরেও আন্তর্জাতিক সৌরজোটের সদস্যপদের বিশ্বজনীনতা অর্জন করার লক্ষ্যে আইএসএ-র প্রথম সাধারণ সম্মেলন 3 অক্টোবর 2020 সালে অনুষ্ঠিত হয়েছে, সেখানে ইউনাইটেড নেশনের সব সদস্য রাষ্ট্রের আইএসএ তে সদস্যপদ পাওয়ার সুযোগ প্রসারিত করতে আন্তর্জাতিক সৌরজোট প্রতিষ্ঠার কাঠামোগত চুক্তিতে সংশোধনী গ্রহণ করা হয়েছে।
3. আইএসএ এর কাঠামোগতগত চুক্তির আদেশ বলে আইএসএ এর প্রয়োজনীয় সংখ্যক সদস্য দেশের অনুমোদন পাওয়ার পর সংশোধনীটি 15 জুলাই 2020 থেকে কার্যকরী হয়েছে। আইএসএ এর কাঠামোগত চুক্তির সংশোধনীটি কার্যকরী হওয়ার ফলে গ্রীষ্মমন্ডলের বাইরের দেশ সহ ইউনাইটেড নেশনের সব সদস্য রাষ্ট্র এখন আন্তর্জাতিক সৌরজোটে যোগ দিতে পারবে।
4. প্রযুক্তি, অর্থ এবং ক্ষমতার শর্তে সৌরশক্তিকে বিরাটভাবে ছড়িয়ে দিতে যে প্রধান সাধারণ বাধাগুলি আসে তার সমবেত মোকাবিলা করার জন্য দেশগুলিকে একত্রে আনা আইএসএ এর লক্ষ্য। আইএসএ এর উদ্দেশ্য হচ্ছে সদস্য দেশগুলিকে সমবেত করা, আন্তর্জাতিক সংস্থার কাছ থেকে অঙ্গীকার আদায় করার প্রয়াস চালানো, বেসরকারি সেক্টরকে জড়ো করা, গ্রামীণ এবং বিকেন্দ্রীকৃত প্রয়োগের সমর্থন, মূল্য দেওয়া যায় এমন অর্থের যোগান, দ্বীপ এবং গ্রামে ক্ষুদ্র সৌর গ্রিড, ব্যবহারের জন্য ছাদের উপর বসানো এবং সৌর ই-মোবিলিটি প্রযুক্তি।

নিউ দিল্লি

জুলাই 31, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.